Test & Trace Corps

# ট্রেসিং: কী প্রত্যাশা করতে পারেন

## ট্রেসিং কী?

+ ট্রেসিং, যাকে কন্টাক্ট ট্রেসিংও বলা হয়, বলতে বুঝায় COVID-19 এ আক্রান্ত হয়েছেন অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন এমন ব্যক্তিদেরকে খুঁজে বের করা এবং যতদিন পর্যন্ত তারা ভাইরাস ছড়ানোর মত অবস্থায় থাকেন ততদিন পর্যন্ত তাদেরকে অন্যদের সাথে দূরত্ব বজায় রাখতে বলা।
+ COVID-19 এর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা এবং শহরটি নিরাপদে খুলে দেয়ার জন্য নিউ ইয়র্ক সিটির পরিকল্পনার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ হলো ট্রেসিং।

## কন্টাক্ট ট্রেসার কারা?

+ কন্টাক্ট ট্রেসাররা হলেন Test & Trace Corps (টেস্ট অ্যান্ড ট্রেস কর্পস) এর সদস্য। তারা COVID-19 এ আক্রান্ত ব্যক্তিদেরকে ফোন করেন এবং তাদেরকে অন্য ব্যক্তিদের থেকে দূরে থাকতে বলেন।
+ কন্টাক্ট ট্রেসাররা এরপর আর কোন ব্যক্তি COVID-19 এ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে এসে থাকতে পারেন তাদেরকে খুঁজে বের করেন এবং তাদেরকেও অন্য ব্যক্তিদের থেকে দূরে থাকতে বলেন।

## একজন কন্টাক্ট ট্রেসার কেন আমাকে ফোন করছেন?

+ কন্টাক্ট ট্রেসাররা এমন ব্যক্তিদেরকে ফোন করেন যারা COVID-19 এ আক্রান্ত হয়েছেন অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন।
+ আপনার কন্টাক্ট ট্রেসার যা করবেন:
  - আপনি কেমন বোধ করছেন তা জানতে চাইবেন।
  - সুস্থ থাকার জন্য এবং COVID-19 এর বিস্তার রোধ করার জন্য আপনার কোনো সহায়তার প্রয়োজন আছে কিনা তা জানতে চাইবেন।
  - আপনাকে কত দিন ঘরের ভিতরে এবং অন্যদের থেকে দূরে থাকতে হবে তা ব্যাখ্যা করবেন।
+ **যদি আপনার COVID-19 ধরা পড়ে**, তাহলে আপনার কন্টাক্ট ট্রেসার আরো যা করবেন:
  - আপনি কিভাবে আক্রান্ত হয়ে থাকতে পারেন তা খুঁজে বের করার জন্য প্রশ্ন জিজ্ঞেস করবেন।
  - আপনার অন্যদের মধ্যে ভাইরাস ছড়িয়ে দেয়ার সম্ভাবনা ছিল এমন সময়ে আপনি যাদের ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছেন তাদের সবার নাম ও যোগাযোগের তথ্য জিজ্ঞেস করবেন।
+ যদি আপনার কন্টাক্ট ট্রেসার আপনার সাথে ফোনে যোগাযোগ করতে না পারেন, তাহলে আপনার খোঁজখবর নিতে তাদের আপনার সাথে সশরীরে দেখা করতে হতে পারে।

## COVID-19 এ আক্রান্ত কোনো ব্যক্তির সাথে "ঘনিষ্ঠ সংস্পর্শ" বলতে কী বুঝায়?

+ যেসব ব্যক্তি "ঘনিষ্ঠ সংস্পর্শে" এসেছেন তাদের মধ্যে রয়েছেন:
  - যারা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে বসবাস করেন।
  - যারা COVID-19 এ আক্রান্ত কোনো ব্যক্তিকে চুম্বন করেছেন অথবা তার সাথে যৌনকর্ম করেছেন।
  - যারা COVID-19 এ আক্রান্ত কোনো ব্যক্তির বাড়িতে সেবা প্রদান করেছেন।
  - যারা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সাথে ছয় ফুটের কম দূরত্বে 10 মিনিট বা তারচেয়ে বেশি সময় কাটিয়েছেন।
+ **যদি আপনি COVID-19 এ আক্রান্ত হন,** তাহলে আপনার ঘনিষ্ঠ সংস্পর্শে আসা ব্যক্তিদেরকে চিহ্নিত করতে আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে সাহায্য করবেন।

### আমি কিভাবে জানবো যে আমাকে ফোন করা ব্যক্তি Test & Trace Corps এর সদস্য?

+ আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে "NYC Test + Trace" লেখা একটি নম্বর থেকে ফোন করবেন।
+ আপনার কন্টাক্ট ট্রেসার **কখনোই** আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর, ক্রেডিট কার্ডের নম্বর, অথবা ব্যাংকের তথ্য জানতে চাইবেন না। যদি কেউ আপনাকে ফোন করে এ ধরনের তথ্য জানতে চায় এবং নিজেকে Test & Trace Corps এর সদস্য বলে পরিচয় দেয়, তাহলে লাইন কেটে দিন।
    - আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে শনাক্তকরণের তথ্য যেমন জন্মতারিখ ও ঠিকানা জিজ্ঞেস করতে পারেন।

### Test & Trace Corps কিভাবে আমার তথ্য পেয়েছে?

+ **যদি আপনার COVID-19 ধরা পড়ে থাকে**, তাহলে নিউ ইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট থেকে Test & Trace Corps আপনার তথ্য পেয়েছে।
    - নিউ ইয়র্ক স্টেটের আইন এবং নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য সংক্রান্ত বিধিমালা অনুযায়ী ল্যাবরেটরিগুলোর জন্য COVID-19 পরীক্ষার ফলাফলগুলো নিউ ইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্টে পাঠানো বাধ্যতামূলক।
    - নিউ ইয়র্ক সিটি হেলথ ডিপার্টমেন্ট গোপনীয়তা সংক্রান্ত আইনসমূহ মেনে Test & Trace Corps এর সাথে আপনার তথ্য নিরাপদে শেয়ার করেছে, এই আইনানুসারে জনসাধারণের স্বাস্থ্য সুরক্ষিত রাখা এবং রোগের সংক্রমণ বন্ধ করার উদ্দেশ্যে এ ধরনের তথ্য ব্যবহারের অনুমতি রয়েছে।
+ **যদি আপনি COVID-19 এ আক্রান্ত কোনো ব্যক্তির সংস্পর্শে এসে থাকেন তাহলে**, Test & Trace Corps আপনার তথ্য পেয়েছে কারণ COVID-19 এ আক্রান্ত কোনো ব্যক্তি একজন কন্টাক্ট ট্রেসারকে জানিয়েছেন যে যখন আক্রান্ত ব্যক্তির ভাইরাস ছড়ানোর সম্ভাবনা ছিল তখন আপনি তার ঘনিষ্ঠ সংস্পর্শে এসেছিলেন।
    - আপনার ঘনিষ্ঠ সংস্পর্শে আসার কথা কে জানিয়েছেন তা আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে জানাতে পারবেন না। আইনের বাধ্যবাধকতা অনুযায়ী Test & Trace Corps এর সাথে শেয়ারকৃত সব ব্যক্তিগত তথ্য গোপন রাখা হবে।

### আমার কন্টাক্ট ট্রেসার আমাকে কত ঘন ঘন ফোন করবেন?

+ আপনার কন্টাক্ট ট্রেসার প্রায় 10 দিন পর্যন্ত – কখনো বেশি কখনো কম – আপনার খোঁজখবর নিতে প্রতিদিন আপনাকে ফোন করবেন।
+ আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে ফোন করলে সাড়া দেয়ার সর্বোচ্চ চেষ্টা করুন। কলার আইডি হিসেবে "NYC Test + Trace" লেখাটি দেখা যাবে।
+ যদি আপনার কন্টাক্ট ট্রেসার আপনার সাথে যোগাযোগ করতে না পারেন, তাহলে আপনার খোঁজখবর নিতে তাদেরকে আপনার সাথে সশরীরে দেখা করতে হতে পারে।

### Test & Trace Corps কিভাবে আমার গোপনীয়তা নিশ্চিত করবে?

+ আপনার প্রদান করা ব্যক্তিগত তথ্য শুধু Test & Trace Corps কর্তৃক জনস্বাস্থ্য রক্ষা এবং আপনি অন্যান্য লোকজন থেকে দূরে থাকার সময় আপনাকে প্রয়োজনীয় সহায়তাসমূহ প্রদান করার উদ্দেশ্যে ব্যবহৃত হবে।
এটি নিরাপদে রক্ষণাবেক্ষণ করা হবে।
+ Test & Trace Corps আইনি বাধ্যবাধকতা অনুযায়ী আপনার তথ্যের গোপনীয়তা রক্ষা করবে।

### কন্টাক্ট ট্রেসাররা COVID-19 এ আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন বলে জানা গেছে এমন ব্যক্তিদেরকে কেন ফোন করার প্রয়োজন হবে?

+ COVID-19 এ আক্রান্ত ব্যক্তি নিজেই তার ঘনিষ্ঠ সংস্পর্শে আসা ব্যক্তিদেরকে সংস্পর্শের বিষয়ে অবহিত করতে পারেন, কিন্তু তাদেরকে পরীক্ষা করতে সাহায্য করা, তাদের লক্ষণগুলো পর্যবেক্ষণ করা, এবং তাদের প্রয়োজন হতে পারে এমন যেকোনো পরিষেবা প্রদানে সহায়তা করার জন্য একজন কন্টাক্ট ট্রেসার তাদেরকে ফোন করা গুরুত্বপূর্ণ।

### আমার কন্টাক্ট ট্রেসার কি আমার তথ্য আইন প্রয়োগকারী সংস্থা অথবা অভিবাসন সংক্রান্ত পরিষেবার সাথে শেয়ার করবেন?

+ আপনার কন্টাক্ট ট্রেসারের সাথে আপনার শেয়ার করা যেকোনো তথ্য অভিবাসন, আইন প্রয়োগকারী সংস্থা, অথবা বিচার বিভাগের কর্মকর্তাদের সাথে শেয়ার করা হবে না, যদি না আইন অনুযায়ী তা আবশ্যক হয়।

### যদি আমার কন্টাক্ট ট্রেসার আমাকে জানান যে আমি COVID-19 এ আক্রান্ত হয়েছি অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছি, তাহলে আমার কি বাইরে যাওয়ার অনুমতি রয়েছে?

+ আপনার কন্টাক্ট ট্রেসার যতক্ষণ না আপনাকে বলছেন যে বাইরে যাওয়া যাবে, ততক্ষণ পর্যন্ত আপনার বাইরে যাওয়া উচিত হবে না, যদি না আপনার অপরিহার্য চিকিৎসা সেবার প্রয়োজন হয় (যেমন, ডায়ালাইসিস করানোর জন্য অথবা জরুরি চিকিৎসা সেবার জন্য)।
    - প্রতিদিন আপনার কন্টাক্ট ট্রেসারের ফোন কলের প্রতি সাড়া দিন, যাতে তিনি আপনাকে জানাতে পারেন যে আপনি কখন আবার বাইরে যেতে পারবেন।
    - যদি আপনার চিকিৎসা সেবা নিতে বাড়ির বাইরে যেতে হয়, তাহলে একটি মাস্ক পরুন এবং আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে আগে থেকেই জানিয়ে দিন যে আপনার COVID-19 ধরা পড়েছে অথবা আপনি কোনো আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন।
+ যদি আপনি আপনার বাড়িতে অন্যদের থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখতে না পারেন, তাহলে আপনার কন্টাক্ট ট্রেসারকে জানান অথবা 844-NYC-4NYC (844-692-4692) নম্বরে ফোন করুন। তারা আপনার জন্য বিনামূল্যে একটি হোটেল রুমের ব্যবস্থা করতে সাহায্য করতে পারেন।

### Test & Trace Corps কি আমার গতিবিধি ট্র্যাক করছে?

+ না! Test & Trace Corps আপনার গতিবিধি ট্র্যাক করতে স্মার্টফোন প্রযুক্তি অথবা অন্য কোনো পদ্ধতি ব্যবহার করে না।
+ যদি কোনো কন্টাক্ট ট্রেসার সশরীরে আপনার সাথে দেখা করতে আসেন, সেটি কেবল আপনার ও আপনার স্বাস্থ্যের খোঁজখবর নেয়া এবং আর কারা COVID-19 এর সংস্পর্শে এসে থাকতে পারেন তা জানার জন্য।

### বাইরে গেলে আমাকে কি গ্রেপ্তার বা জরিমানা করা হবে?

+ না, বাইরে যাওয়ার জন্য আপনাকে গ্রেপ্তার বা জরিমানা করা হবে না।
+ COVID-19 ছড়িয়ে পড়া প্রতিরোধের জন্য, আপনি বাইরে যেতে পারবেন বলে আপনার কন্টাক্ট ট্রেসার আপনাকে না জানানো পর্যন্ত আপনার বাড়িতে থাকা এবং আপনার বাড়ির অন্যান্য লোকজন থেকে দূরে থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যদি না আপনার জরুরি চিকিৎসা সেবা নেয়ার প্রয়োজন দেখা দেয়।
    - প্রতিদিন আপনার খোঁজ-খবর নেয়ার সময় আপনার কন্টাক্ট ট্রেসারকে আপনার অপরিহার্য কোনো জিনিসের চাহিদা সম্পর্কে জানাতে পারবেন। তারা নিশ্চিত করবেন যাতে আপনার কাছে খাবার, ওষুধ এবং আপনার জন্য অন্যান্য প্রয়োজনীয় সাহায্য পৌঁছে দেয়া হয়, যাতে আপনার বাইরে যেতে না হয়।

### আমার কন্টাক্ট ট্রেসারের সাথে কথা বলার জন্য অভিবাসন আইনের আওতায় আমাকে কি "পাবলিক চার্জ" হিসেবে বিবেচনা করা হবে?

+ না! কন্টাক্ট ট্রেসারের সাথে কথা বলার ফলে আপনার গ্রিন কার্ডের জন্য আবেদনের যোগ্যতায় কোনো প্রভাব পড়বে না।
+ COVID-19 এর সাথে সংশ্লিষ্ট চিকিৎসা সেবা অথবা প্রতিরোধমূলক স্বাস্থ্যসেবা পরিষেবাসমূহ পাবলিক চার্জ আইনের আওতায় বিবেচিত হবে **না**।

### যদি আমি কর্মস্থলে যেতে না পারি, তাহলে আমি কি বেতনসহ অসুস্থতাজনিত ছুটি পাবো?

+ COVID-19 মহামারীর প্রতিক্রিয়ায় গৃহীত ফেডারেল Families First Coronavirus Response Act (পরিবারের প্রাধান্য সংক্রান্ত করোনাভাইরাসের প্রতি সাড়াদানকারী আইন) অথবা New York State Paid Sick Leave Law (নিউ ইয়র্ক স্টেটের বেতনসহ অসুস্থতাজনিত ছুটি আইন) এর আওতায় আপনি বেতনসহ অসুস্থতাজনিত ছুটি অথবা বর্ধিত পারিবারিক ছুটি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হতে পারেন।
+ আরো তথ্যের জন্য COVID-19 এর জন্য নতুন বেতনসহ ছুটি ওয়েবপেইজ দেখুন বা 311-এ ফোন করুন।

**আরো তথ্যের জন্য** TestandTrace.NYC **ওয়েবসাইট দেখুন বা 311- এ ফোন করুন**